

জীবনের গান

ডঃ মোহাম্মদ আবদুর রায়হাক

জীবন কি শুধু সাবলীল কোন ছন্দে রচিত পদ্য ?
জীবন প্রায়শ লালিত্যহীন অতি বিচ্ছিন্ন গদ্য !
জীবন মায়ের জর্ঠর পেড়িয়ে ধরামাবে বেঁচে থাকা;
জীবন স্বপ্ন, বিচ্ছিন্ন ঘোরে নিতি নব ছবি আঁকা ।
আশা নিরাশার দোলনায় দোলা;
পেয়ে হারানোর বেদনায় জ্বলা;
এ জীবন সংগ্রাম -
সুখ, দুঃখ আর হাসিকান্নার মালা গাঁথা অবিরাম ।

জীবন কি কভু দেয়ালে টাঙ্গানো শিল্পীর আঁকা ছবি ?
জীবন সচল, কভু বেনোজল, কভু মেঘে ঢাকা রবি -
প্রতি পলে যার রং বদলায়, বদলায় যার রূপ;
এ জীবন এক অতি সুমধুর ‘গন্ধ বিধুর ধূপ’ -
গন্ধ বিলিয়ে নিজে জ্বলে হয় লীন -
জীবনের গান তাই চির অমলিন ।

জীবন কখনো ঘুম ভাঙ্গানিয়া আজানের আহ্বান;
আবার কখনো করুণ রাগিনী, গোধূলী বেলার গান ।
এই যে জীবন হোকনা যেমনি, বড় মৃত্যুর চেয়ে -
আমি যাই তাই জীবনের গান গেয়ে ।

টাম্পা-শিকাগোর পথে
ইউনাইটেড এয়ারলাইনস ফ্লাইট ১৫৮১
২৮/০৫/০৫